# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৯৪১

৪৯/ কিরাআত (كتاب القراءات عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ সূরা হজ্জ

بَابٌ: وَمِنْ سُورَةِ الْحَجِّ

আরবী

حَدَّثَنَا أَبُو زُرْعَةَ، وَالْفَضْلُ بْنُ أَبِي طَالِبٍ، وَغَيْرُ، وَاحِدٍ، قَالُوا حَدَّثَنَا الْحَسَنُ بْنُ بِشْرٍ، عَنِ الْحَكَمِ بْنِ عَبْدِ الْمَلِكِ، عَنْ قَتَادَةَ، عَنْ عِمْرَانَ بْنِ حُصَيْنٍ، أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم قَرَأَ: (وَتَرَى النَّاسَ سُكَارَى وَمَا هُمْ بِسُكَارَى ) . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ وَهَكَذَا رَوَى الْحَكَمُ بْنُ عَبْدِ الْمَلِكِ عَنْ قَتَادَةَ . وَلاَ نَعْرِفُ لِقَتَادَةَ سَمَاعًا مِنْ أَحَدٍ مِنْ أَصْحَابِ النَّبِيِّ صلى الله عليه وسلم إِلاَّ مِنْ أَنَسٍ وَأَبُو الطُّفَيْلِ . وَهُوَ عِنْدِي حَدِيثٌ مُخْتَصَرٌ إِنَّمَا يُرْوَى عَنْ قَتَادَةَ عَنِ الْحَسَنِ عَنْ عِمْرَانَ بْنِ حُصَيْنٍ قَالَ كُنَّا مَعَ النَّبِيِّ صلى الله عليه وسلم فِي السَّفَرِ فَقَرَأَ : (يَا أَيُّهَا النَّاسُ اتَّقُوا رَبَّكُمْ ) الْحَدِيثَ بِطُولِهِ وَحَدِيثُ الْحَكَمِ بْنِ عَبْدِ الْمَلِكِ عِنْدِي مُخْتَصَرٌ مِنْ هَذَا الْحَدِيثِ .

বাংলা

২৯৪১. আবূ যুরআ, ফাযল ইবন আবী তালিব প্রমুখ (রহঃ) ...... ইমরান ইবন হুসায়ন রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম পাঠ করেছেনঃ

(وَتَرَى النَّاسَ سُكَارَى وَمَا هُمْ بِسُكَارَى )

সহীহ, বুখারি ৪৭৪১, মুসলিম ১/১৩৯, ১৪০, তিরমিজী হাদিস নম্বরঃ ২৯৪১ [আল মাদানী প্রকাশনী]

(আবু ঈসা বলেন)হাদীসটি হাসান। আনাস এবং আবুত তুফায়ল রাদিয়াল্লাহু আনহুমা ব্যতীত আর কোন সাহাবী থেকে কাতাদা সরাসরি হাদীস শুনেছেন বলে আমরা জানি না। আমার মতে এই রিওয়ায়তটি সংক্ষিপ্ত। কাতাদা-ইমরান ইবন হুসায়ন রাদিয়াল্লাহু আনহু সুত্রে বর্ণিত। তিনি বলেনঃ আমরা এক সফরে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সঙ্গে ছিরাম। তিনি পাঠ করলেনঃ (يَا أَيُّهَا النَّاسُ اتَّقُوا رَبَّكُمْ)

এরপর তিনি দীর্ঘ হাদীসটির উল্লেখ করেন। আমার মতে হাকাম ইবন আবদিল মালিক (রহঃ) এর রিওয়ায়তটি (২৯৪১ নং) এই হাদীসটির তুলনায় সংক্ষিপ্ত।

## English

Narrated 'Imran bin Husain:
"The Prophet (ﷺ) recited: You shall see mankind as if in a drunken state, yet they will not be in a drunken state. (22:2)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ ইমরান ইবনু হুসায়ন (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=38293

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন